

নিপাহ ভাইরাস, এশিয়ার বিভিন্ন বিমানবন্দরে সতর্কতা

- A Monitor Desk Report

Date: 28 January, 2026



ঢাকাঃ ভারতের পশ্চিমবঙ্গে নিপাহ ভাইরাস ছড়িয়ে পড়ার খবরে এশিয়ার একাধিক দেশের বিমানবন্দরগুলোতে যাত্রী স্বাস্থ্য পরীক্ষা ও নজরদারি জোরদার করা হয়েছে। এসব দেশের মধ্যে রয়েছে- থাইল্যান্ড, নেপাল ও তাইওয়ান।

মঙ্গলবার (২৭ জানুয়ারি) থেকে দেশগুলোতে কোভিড-১৯ মহামারীর সময়কার মতো স্বাস্থ্য পরীক্ষা চালু করা হয়েছে।

থাইল্যান্ডের স্বাস্থ্য বিভাগ জানিয়েছে, পশ্চিমবঙ্গ থেকে আগত যাত্রীদের ব্যাংককের সুবর্ণভূমি, ডন মুয়াং ও ফুকেট বিমানবন্দরে জ্বর পরীক্ষা, উপসর্গ যাচাই এবং স্বাস্থ্যবিষয়ক সতর্কতা কার্ড দেওয়া হচ্ছে।

নেপাল ত্রিভুবন আন্তর্জাতিক বিমানবন্দরসহ ভারতের সঙ্গে স্থল সীমান্তে স্ক্রিনিং জোরদার করা হয়েছে।

তাইওয়ান নিপাহ ভাইরাসকে সর্বোচ্চ সতর্কতামূলক ক্যাটাগরি-৫ সংক্রামক রোগ হিসেবে তালিকাভুক্ত করার পরিকল্পনা করছে।

ভারতীয় কর্তৃপক্ষ জানিয়েছে, পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে এবং আক্রান্তের সংখ্যা সীমিত। পশ্চিমবঙ্গে মাত্র ২জনের নিশ্চিত সংক্রমণের ঘটনা শনাক্ত হয়েছে।

কেরালা ও পশ্চিমবঙ্গকে নিপাহ-প্রবণ এলাকা হিসেবে উল্লেখ করে বিশেষজ্ঞরা জানিয়েছেন, এই ভাইরাসের মৃত্যুহার ৪০ থেকে ৭৫ শতাংশ পর্যন্ত হতে পারে এবং এখনও কার্যকর কোনও টিকা নেই।

নিপাহ সাধারণত প্রাণী থেকে মানুষের মধ্যে ছড়ানো ভাইরাস, যা বাদুড় ও শূকরের মাধ্যমে সংক্রমিত হতে পারে এবং মানুষ থেকে মানুষে সংক্রমণের ঝুঁকিও রয়েছে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) একে উচ্চ ঝুঁকিপূর্ণ রোগজীবাণু হিসেবে তালিকাভুক্ত করেছে।

স্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন, সাধারণ যাত্রীদের জন্য ঝুঁকি কম হলেও সতর্কতা, দ্রুত শনাক্তকরণ ও উপসর্গ দেখা দিলে চিকিৎসা নেওয়া অত্যন্ত জরুরি।

-B